দৈনিক ইত্তেফাক

তারিখ 12 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

৩৩

গ্রন্থাগার সেমিনার

# বই-পুস্তক ও পাণ্ডুলিপি সংরক্ষণের সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ প্রয়োজন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শনিবার) সেন্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ বাংলাদেশ'র (সিডি আর বি) উদ্যোগে "ঢাকার গ্রন্থাগারসমূহে দক্ষিণ এশিয়া বিষয়ক উপাদান" শীর্ষক এক সেমিনার

(১১শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## গ্রন্থাগার সেমিনার

(১ম পৃঃ পর)

অনুষ্ঠিত হয়। আমেরিকান ইনষ্টিটিউট অব বাংলাদেশ ষ্টাডিজ-এর প্রেসিডেন্ট প্রফেসর ক্রেগ বাক্সটার এই সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন আমেরিকান ইনষ্টিটিউট অব বাংলাদেশ ষ্টাডিজ-এর (এআইবিএস) ফেলো মিস কান্তা ভাটিয়া। সিডিআরবি'র চেয়ারম্যান ডঃ মীজানুর রহমান শেলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে মোহাম্মদ এনায়েত করিম, প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন বক্তৃতা করেন।

মূল প্রবন্ধে মিস কান্তা ভাটিয়া বলেন, ঢাকার লাইব্রেরীসমূহে বিভিন্ন সরকারী সংস্থা ও বিভাগের বই পুস্তক, পাণ্ডুলিপি এবং রিপোর্টের সংগ্রহ খুবই সমৃদ্ধ কিন্তু এই সমস্ত সংগ্রহ যথার্থভাবে সংরক্ষণ ও ব্যবহৃত হইতেছে না। জায়গার স্বল্পতা, ট্রেনিং প্রাপ্ত কর্মীর অভাব এবং যথাযথ পরিকল্পনা না থাকায় গ্রন্থাগারসমূহে গুরুত্বপুর্ণ পাণ্ডুলিপি ও পুরাতন দলিল-দস্তাবেজ সংরক্ষণের অভাবে অসংগতিপূর্ণ থাকিয়া যাইতেছে। মিস কান্তা ভাটিয়া ঢাকার গ্রন্থাগারসমূহ আধুনিকায়নের লক্ষ্যে জাতীয় ভিত্তিতে অন-লাইন ক্যাটালগ ও জাতীয় ডাটা বেস পদ্ধতি চালু করার আহ্বান জানান। তিনি বলেন, অন-লাইন ক্যাটালগ ও জাতীয় ডাটা বেস পদ্ধতি চালু হইলে সম্পদের ব্যবহার ব্যাপক ও বিস্তৃত হইবে। এই কার্যক্রম লাইব্রেরীর সম্পদ সংগ্রহের অযথা পুনরাবৃত্তি রোধে সহায়তা করিবে। এই ব্যবস্থা গ্রন্থাগারসমূহের সমবায়-ভিত্তিক ক্যাটালগিং-এ সাহায্য করিবে। একটি বই কেন্দ্রীয়ভাবে একবার মাত্র ক্যাটালগ করিলেই চলিবে।

প্রফেসর ক্রেগ বাক্সটার বলেন, মিস কান্তা ভাটিয়া আমেরিকান ইন্সটিটিউট অব বাংলাদেশ ষ্টাডিজ এর ফেলো হিসাবে ঢাকার অবস্থান করিয়া ঢাকার গ্রন্থাগারসমূহের উপর একটি বাস্তব চিত্র সংগ্রহ করিয়াছেন। তাহার এই প্রচেষ্টা অবশ্যই বাংলাদেশের উপকারে আসিবে। ডঃ মিজানুর রহমান শেলী বলেন, মিস কান্তা ভাটিয়া আমাদের বর্তমানকে আমাদের সম্মুখে তুলিয়া ধরিয়াছেন। তিনি দেশের গ্রন্থাগার উন্নয়নে মিস কান্তার সুপারিশসমূহ বাস্তবায়নের আহ্বান জানান।